

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.bandarban.gov.bd

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০৫০.২৫.৮১

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩১
২৩ ফেব্রুয়ারি ২০২৫

বিষয় : ২০২৪-২০২৫ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় পৌরসভাওয়ারী ১ম ও ২য় কিস্তির নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর পত্র নম্বর: ৫১.০১.০০০০.০১২.১৪.০০১.২৫.১৪; ১৫ জানুয়ারি ২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) কর্মসূচীর আওতায় সূত্রে বর্ণিত স্মারক মূলে ১ম ও ২য় কিস্তিতে নিম্নেবর্ণিত পৌরসভার অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ অদ্য ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত “জেলা কর্তৃধার” কমিটির সভায় অনুমোদনের প্রেক্ষিতে নিম্নেবর্ণিত শর্ত এবং টিআর নির্দেশিকা-২০২১ অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত পৌরসভার পার্শ্বে উল্লিখিত পরিমাণ নগদ অর্থ সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো এবং উপ-বরাদ্দকৃত অর্থ স্থানীয় হিসাবরক্ষণ অফিস হতে উত্তোলনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই ব্যয় ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট কোড নং- ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করতে হবে।

ক্রম	পৌরসভার নাম	১ম ও ২য় কিস্তিতে উপ-বরাদ্দকৃত টাকার পরিমাণ	অনুমোদিত প্রকল্প সংখ্যা
১	২	৩	৪
০১	লামা পৌরসভা	২৬৮৭৮০৪.০৪	১১ টি
	মোট=	২৬৮৭৮০৪.০৪	১১ টি

শর্তসমূহ :

- ০১। এ কর্মসূচীর অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টিআর কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা- ২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ০২। বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষংগিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- ০৩। প্রস্তাবিত প্রকল্প সরেজমিন পরিদর্শনপূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে;
- ০৪। প্রি-ওয়ার্ক মেজারমেন্ট/প্রাক্কলন(কেবলমাত্র মাটির কাজের জন্য) ব্যতীত প্রকল্পের সম্পদ ছাড় করা যাবে না; প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়;
- ০৫। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ০৬। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তব দৃশ্যমান করতে হবে;
- ০৭। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে এবং

চলমান পাতা-০২

১২

০৮। এ কর্মসূচীর বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ১৫-০৩-২০২৫ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং সমাপনান্তে প্রতিবেদন দাখিল করতে হবে।

সংযুক্তি : অনুমোদিত প্রকল্পের তালিকা ০১ ফর্দ।

স্বা-

আসিফ রায়হান

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা(অ: দা:)

জেলা প্রশাসকের পক্ষে

বান্দরবান পার্বত্য জেলা।

মোবাইল: ০১৭০০৭১৬৬৯৫

টেলিফোন: ০২৩৩৩৩০২৭১৯

email: drrobandarban83@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার,

লামা উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০৫০.২৫.৮১

তারিখ:

১০ ফাল্গুন ১৪৩১

২৩ ফেব্রুয়ারি ২০২৫

সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

০৩। পরিচালক(কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা

০৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬, আ. গণি রোড, ঢাকা

০৫। প্রশাসক, লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা


০৬। সহকারী কমিশনার (গোপনীয়), বান্দরবান পার্বত্য জেলা (জেলাপ্রশাসক মহোদয় এর সদয় অবগতির জন্য)

০৭। সহকারী কমিশনার, আইসিটি, জেলাপ্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা (উপ-বরাদ্দপত্রটি জেলাপ্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে Upload করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

০৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বান্দরবান পার্বত্য জেলা- তাঁকে উপ-বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ছাড়করার জন্য সংশ্লিষ্ট উপজেলার উপজেলা হিসাবরক্ষণ অফিসার বরাবরে অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র জারী করতে অনুরোধ করা হলো

০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লামা উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা

১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, লামা উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা



আসিফ রায়হান

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা(অ: দা:)

